


বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), নায়েম ক্যাম্পাস, খানমন্ডি, ঢাকা-১২০৫  
ফ্যাক্স: ০২-৫৫১৬৭৪২৭, ওয়েবসাইট: [www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)  
ই-মেইল: [ntrca2005@yahoo.com](mailto:ntrca2005@yahoo.com)

স্মারক নং: বেশিনিক/শিশি/বে.শি.প্রতিষ্ঠানে শি.নিয়োগ/৫৭৪/২০১৬/ ২২২

তারিখঃ ০৮ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত ১২৬১৯ জন শিক্ষক প্রার্থীর যোগদান বিষয়ে প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যচ্ছে যে, এনটিআরসিএ হতে গত ০৯.১০.২০১৬ তারিখ এবং তৎপরবর্তী সময়ে অনলাইনে যে সকল শিক্ষক প্রার্থীকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে, তাদের মধ্যে আপনার উপজেলার অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কতজন শিক্ষক প্রার্থীকে কোন কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে নিয়োগপত্র ইস্যু করা হয়েছে, কতজন শিক্ষক প্রার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে যোগদান করেছেন এবং কতজন শিক্ষক প্রার্থী কী কারণে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগদান করতে পারেননি তার বিস্তারিত বিবরণসহ নিয়োগপত্র প্রদানে অথবা শিক্ষক প্রার্থীদের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানের ক্ষেত্রে কোন জটিলতা আছে কিনা এ বিষয়ে আগামী ১৫ দিনের মধ্যে [ntrca2005@yahoo.com](mailto:ntrca2005@yahoo.com) ই-মেইলে ও হার্ড কপি-প্রতিবেদন এনটিআরসিএ'র কার্যালয়ে এবং তার অনুলিপি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারকে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফিরোজা বেগম)

উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)

এনটিআরসিএ, ঢাকা।

প্রাপকঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।